

CQ

SHORT BOOK

বাংলা ১ম পত্র

গদ্যাংশ

যেকোনো ২টি CQ বাধ্যতামূলক

গুরুত্ব	বিষয়	লেখক	বইয়ের পৃষ্ঠা
☆☆☆☆☆	অপরিচিতা	রবীন্দ্রনাথ ঠাকুর	২৬
☆☆☆☆☆	বিলাসী	শরৎচন্দ্রটোপাধ্যায়	৪৭
☆☆☆☆☆	রেইনকোট	আখতারুজ্জামান ইলিয়াস	১৯৪
☆☆☆☆☆	মাসি-পিসি	মানিক বন্দ্যোপাধ্যায়	১১৪
☆☆☆☆☆	নেকলেস	গী দ্য মোপাসাঁ	২০৪
☆☆☆☆☆	জীবন ও বৃক্ষ	মোতাহের হোসেন চৌধুরী	৯৬
☆☆☆	অর্ধাঙ্গী	রোকেয়া সাখাওয়াত হোসেন	৬১
☆☆☆	যৌবনের গান	কাজী নজরুল ইসলাম	৮৫

পদ্যাংশ

যেকোনো ২টি CQ বাধ্যতামূলক

গুরুত্ব	বিষয়	লেখক	বইয়ের পৃষ্ঠা
☆☆☆☆☆	সোনার তরী	রবীন্দ্রনাথ ঠাকুর	২৪৬
☆☆☆☆☆	বিদ্রোহী	কাজী নজরুল ইসলাম	২৬০
☆☆☆☆☆	আঠার বছর বয়স	সুকান্ত ভট্টাচার্য	২৯৬
☆☆☆☆☆	বিভীষণের প্রতি মেঘনাদ	মাইকেল মধুসূদন দত্ত	২২৭
☆☆☆☆☆	ফেব্রুয়ারী ১৯৬৯	শামসুর রাহমান	৩০০
☆☆☆☆☆	আমি কিংবদন্তির কথা বলছি	আবু জাফর ওবায়দুল্লাহ	৩১৪
☆☆☆	প্রত্যাবর্তনের লজ্জা	আল মাহমুদ	৩২৮
☆☆☆	তাহারেই পড়ে মনে	সুফিয়া কামাল	২৭৭

☆☆☆☆☆

উপন্যাস - লালসালু

(সৈয়দ ওয়ালীউল্লাহ)

অধ্যায় ১: গদ্য : অপরিচিতা

জ্ঞানমূলক প্রশ্ন (ক)

১.

'স্বয়ংবরা' শব্দের অর্থ কী?

উত্তর:

স্বয়ংবরা অর্থ যে মেয়ে নিজেই স্বামী নির্বাচন করে।

২.

আসর জমাইতে অদ্বিতীয় কে?

উত্তর:

আসর জমাইতে অদ্বিতীয় হরিশ।

৩.

"সে কী কথা। লগ্ন"- উক্তিটি কার?

উত্তর:

"সে কি কথা। লগ্ন"- উক্তিটি অনুপমের মামার।

৪.

'অপরিচিতা' গল্পটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

উত্তর:

'অপরিচিতা' গল্পটি প্রথম প্রকাশিত হয় 'সবুজপত্র' পত্রিকায়।

৫.

'অপরিচিতা' গল্পে কন্যাকে আশীর্বাদের জন্য অনুপম কার ওপর ভরসা করেছিল?

উত্তর:

অপরিচিতা' গল্পে কন্যাকে আশীর্বাদের জন্য অনুপম বিনুদাদার ওপর ভরসা করেছিল।

৬.

'অপরিচিতা' গল্পের মামা অনুপমের চেয়ে কত বছরের বড়?

উত্তর:

'অপরিচিতা' গল্পের মামা অনুপমের চেয়ে ছয় বছরের বড়।

৭.

অনুপমের পিসতুতো ভাইয়ের নাম কী?

উত্তর:

• অনুপমের পিসতুতো ভাইয়ের নাম বিনু।

১৬.

রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা কত সালে জন্মগ্রহণ করেন?

উত্তর:

১২৬৮

১৭.

কার রুচির ওপর অনুপম ষোলো-আনা নির্ভর করতে পারে?

উত্তর:

বিনুদা

১৮.

'অপরিচিতা' গল্পে খাদযুক্ত গহনার নাম কী?

উত্তর:

'অপরিচিতা' গল্পে খাদযুক্ত গহনার নাম এয়ারিং।

অনুধাবনমূলক প্রশ্ন (খ)

১.

"একে তো বরের হাট মহার্ঘ, তাহার পরে ধনুক ভাঙা পণ।"-ব্যাখ্যা করো।

উত্তর:

প্রশ্নোক্ত কথাটি দ্বারা সমাজে বিয়ের বাজারে যোগ্য পাত্রের কদর এবং পণের টাকার পরিমাণকে নির্দেশ করা হয়েছে। 'অপরিচিতা' গল্পে যোগ্য পাত্রের জন্য কনের অভিভাবকদের অবস্থা নির্দেশিত হয়েছে। সেকালে শিক্ষিত পাত্রের অতিমাত্রায় কদর থাকায় পণের টাকার পরিমাণও বেশি ছিল। আর যোগ্য পাত্রের জন্য কনের পিতা সেই ধনুক-ভাঙা পণ দিতেও কুণ্ঠাবোধ করতেন না। কল্যাণীর পিতা শম্ভুনাথ সেন মেয়েকে যেন-তেন পাত্রের হাতে তুলে দিয়ে দায় সারতে চাননি। তিনি ধৈর্য ধারণ করে উপযুক্ত পাত্রের জন্য অপেক্ষায় থেকেছেন। এর ফলে দিন দিন মেয়ের বয়স বেড়েই গিয়েছে। প্রশ্নোক্ত উক্তিটির মাধ্যমে উপযুক্ত পাত্রের অত্যধিক কদর ও অত্যধিক পণের বিষয়টি বোঝানো হয়েছে।

২.

"এই তো আমি জায়গা পাইয়াছি।"- ব্যাখ্যা করো।

উত্তর:

"এই তো আমি জায়গা পাইয়াছি"- উক্তিটির মাধ্যমে অনুপম আত্মতুষ্টি লাভের প্রয়াস পেয়েছে। 'অপরিচিতা' গল্পে অনুপমের মামার লোভী ও হীন মানসিকতার কারণে কল্যাণীর সঙ্গে অনুপমের বিয়ে ভেঙে গেলে সে বিরহে জর্জরিত হয়। একারণেই পরবর্তী সময়ে মনস্তাপে ভেঙে পড়া অনুপম কল্যাণীকে বিয়ে করতে না পারলেও তার কাছাকাছি থাকতে চেয়েছে। বিয়ে ভেঙে যাওয়ার পর একদিন মাকে নিয়ে তীর্থে যাওয়ার পথে কল্যাণীকে দেখে মুগ্ধ হয় অনুপম। এরপর তার কাছে ও তার পিতার কাছে ক্ষমা চায় অনুপম। সবকিছু ছেড়ে সে বছরের পর বছর কানপুরে কল্যাণীর কাছাকাছি থাকে। কল্যাণী তাকে ক্ষমা করে দিলেও বিয়েতে রাজি হয়নি। তবুও অনুপম তার দেখা পায়, কণ্ঠ শোনে, সুবিধামতো তার কাজ করে দিয়ে নিজের একটা অবস্থান তৈরি করে। কল্যাণীকে আশ্রয় করে সেই আনন্দেরই সে নিজেকে ভাগ্যবান মনে করেছে।

১৭.

ধনীর কন্যা তার পছন্দ নয়।'— কার এবং কেন? ব্যাখ্যা করো !

উত্তর:

ধনীর কন্যা বউ হয়ে বাড়িতে আসলে তাকে নির্যাতন করা এবং ওই বাড়ির অতিথিদের অবজ্ঞা করা সম্ভব হবে না, তাই অনুপমের মামার ধনীর কন্যা পছন্দ নয়।

অনুপমের বিয়ের ক্ষেত্রে মামার একটি বিশেষ মত ছিল যে তিনি বড়ো লোকের মেয়েকে অনুপমের বউ করে ঘরে আনতে চান না। কারণ, তিনি চাইতেন যে মেয়ে তাদের বাড়ির বউ হয়ে আসবে সে যেন মাথা নিচু করে আসে। যাকে ইচ্ছা হলেই শোষণ করা যাবে কিন্তু যার বাড়ি থেকে আত্মীয় এলে যথাযথ সমাদর না করলেও চলবে। এ কারণে তিনি চেয়েছেন টাকা নেই এমন ঘরের মেয়ে অনুপমের বউ হয়ে আসুক।

১৮.

মন্দ নয় হে খাঁটি সোনা বটে।' ব্যাখ্যা করো।

উত্তর:

কল্যাণীর প্রশংসাস্বরূপ প্রমোত্ত মন্তব্যটি করা হয়েছে।

অনুপমের বিবাহের জন্য কন্যাকে আশীর্বাদ করতে তার পিসতুতো ভাই বিনুকে পাঠানো হয়েছিল। সে ফিরে এসে কন্যার প্রশংসা করে প্রমোত্ত উক্তিটি করে। বিনু খুবই রুচিশীল মানুষ, সে অল্প কথায় অনেক অর্থ প্রকাশ করে। তার রুচির উপর অনুপম ষোলো আনা নির্ভর করতে পারে। সে যখন বলে খাঁটি সোনা, তখন অনুপমের বুঝতে বাকি থাকে না যে তার জন্য যে পাত্রী পছন্দ করা হয়েছে, সে অনন্য গুণসম্পন্ন নারী।

গুরুত্বপূর্ণ টপিক

- ব্রিটিশ ভারতীয় বাঙালির সমাজবাস্তবতা ও তৎকালীন সমাজের যৌতুকপ্রথার স্বরূপ
- যৌতুকের কাছে মানবিক বোধের পরাজয়ের দৃষ্টান্ত
- সুশিক্ষার মর্যাদা ও ব্যক্তিত্ববোধের দৃঢ়তার স্বরূপ
- পুরুষতান্ত্রিক সমাজে নারীর প্রতি দৃষ্টিভঙ্গি ও নারীর আত্মশক্তিতে বলীয়ান হওয়ার স্বরূপ
- অপরিচিতা মানসীর প্রতি প্রেমিক-হৃদয়ের দুর্বীর আকর্ষণের স্বরূপ

প্রশ্ন ১

উদ্দীপক:

সুমন ও নীলিমা দুজনেই উচ্চশিক্ষিত। তারা পরস্পরকে খুব ভালোবাসে। তারা বিয়ে করে সংসারী হতে চায়। নীলিমার পরিবার যৌতুক দিতে পারেনি বলে সুমনের পরিবার তাকে মেনে নিতে চায় না। সুমন পরিবারের ইচ্ছায় অন্যত্র বিয়ে করে। কিন্তু নীলিমা এটিকে অপমানজনক মনে করে আর বিয়ে করে না। অতঃপর শিক্ষকতায় নিবেদিত হয়ে নীলিমা তার বাকি জীবন অতিবাহিত করে।

[Dhaka — 2025]

ক.

কল্যাণীর বাবার পেশা কী?

উত্তর:

কল্যাণীর বাবার পেশা হলো চিকিৎসা।

খ.

"এই তো আমি জায়গা পাইয়াছি"- ব্যাখ্যা কর।

উত্তর:

"এই তো আমি জায়গা পাইয়াছি"- উক্তিটির মাধ্যমে অনুপম আত্মতুষ্টি লাভের প্রয়াস পেয়েছে। 'অপরিচিতা' গল্পে অনুপমের মামার লোভী ও হীন মানসিকতার কারণে কল্যাণীর সঙ্গে অনুপমের বিয়ে ভেঙে গেলে সে বিরহে জর্জরিত হয়। একারণেই পরবর্তী সময়ে মনস্তাপে ভেঙে পড়া অনুপম কল্যাণীকে বিয়ে করতে না পারলেও তার কাছাকাছি থাকতে চেয়েছে। বিয়ে ভেঙে যাওয়ার পর একদিন মাকে নিয়ে তীর্থে যাওয়ার পথে কল্যাণীকে দেখে মুহূর্তেই অনুপম। এরপর তার কাছে ও তার পিতার কাছে ক্ষমা চায় অনুপম। সবকিছু ছেড়ে সে বছরের পর বছর কানপুরে কল্যাণীর কাছাকাছি থাকে। কল্যাণী তাকে ক্ষমা করে দিলেও বিয়েতে রাজি হয়নি। তবুও অনুপম তার দেখা পায়, কণ্ঠ শোনে, সুবিধামতো তার কাজ করে দিয়ে নিজের একটা অবস্থান তৈরি করে। কল্যাণীকে আশ্রয় করে সেই আনন্দেই সে নিজেকে ভাগ্যবান মনে করেছে।

গ.

উদ্দীপকের সুমন আর 'অপরিচিতা' গল্পের অনুপম চরিত্রের সাদৃশ্য তুলে ধর।

উত্তর:

উদ্দীপকের সুমন আর 'অপরিচিতা' গল্পের অনুপম চরিত্রের সাদৃশ্য মূলত তাদের ব্যক্তিত্বহীনতায়। 'অপরিচিতা' গল্পের কথক অনুপম বিশ শতকের দ্বিতীয় দশকের যুদ্ধসংলগ্ন সময়ের এক বাঙালি যুবক, যে বিশ্ববিদ্যালয়ের উচ্চতর উপাধি অর্জন করেও ব্যক্তিত্বরহিত, পরিবারতন্ত্রের কাছে অসহায় পুতুলমাত্র। সে যেন মায়ের কোলসংলগ্ন শিশুর মতো। উদ্দীপকের সুমন ও নীলিমা দুজনেই উচ্চশিক্ষিত। তারা পরস্পরকে ভালোবেসে বিয়ে করতে চায়। নীলিমার পরিবার যৌতুক দিতে অপারগ হলে সুমনের পরিবার তাকে মেনে নেয় না এবং সুমন পরিবারের ইচ্ছায়- অন্যত্র বিয়ে করে। উদ্দীপকের সুমনের এই ব্যক্তিত্বহীনতার দিকটি 'অপরিচিতা' গল্পের অনুপম চরিত্রেও পরিলক্ষিত হয়। নিজের জীবনের সিদ্ধান্ত সে নিজে নিতে পারেনি, তার বিয়েতে মামাই সব সিদ্ধান্ত নিয়েছেন। বিয়ে শুরুর আগে তার মামা কনের গহনা যাচাই ও পরিমাণ মাপার মতো অপমানজনক বিষয়টি দেখেও অনুপম নীরব দর্শক হয়ে থেকেছে। সে নিজের পছন্দকে মূল্যায়ন, ন্যায় ও সত্যের পক্ষে শক্ত অবস্থান নেওয়ার মতো ব্যক্তিত্ববান হয়ে ওঠেনি। তাই বলা যায় যে, উদ্দীপকের সুমন আর 'অপরিচিতা' গল্পের অনুপম চরিত্রের সাদৃশ্য মূলত ব্যক্তিত্বহীনতায়। তারা তাদের নিজেদের পছন্দের মূল্যায়ন করতে পারেনি। যৌতুকের মতো অন্যায় বিষয়ের বিপক্ষেও দাঁড়াতে পারেনি। তারা দুজনেই বিয়েতে ব্যক্তিত্বহীন মেরুদণ্ডহীনের মতো আচরণ করেছে।

ঘ.

"উদ্দীপকের নীলিমা 'অপরিচিতা' গল্পের কল্যাণীরই প্রতিচ্ছবি"- মন্তব্যটি বিশ্লেষণ কর।

উত্তর:

দৃঢ় ব্যক্তিত্ব ও আত্মমর্যাদার বিবেচনায় "উদ্দীপকের নীলিমা 'অপরিচিতা' গল্পের কল্যাণীরই প্রতিচ্ছবি"- মন্তব্যটি যথার্থ। 'অপরিচিতা' গল্পে রবীন্দ্রনাথ ঠাকুর যৌতুকের বিরুদ্ধে প্রতিরোধ ও দেশচেতনায় ঋদ্ধ এক প্রখর ব্যক্তিত্বময়ী নারীর চিত্র তুলে ধরেছেন কল্যাণী চরিত্রের মাধ্যমে। কল্যাণী আত্মমর্যাদাশীল নারী, তাই সে আর বিয়েতে মত দেয়নি, বরং দেশের নারীদের শিক্ষার মাধ্যমে মর্যাদাশীল করে তুলতে পদক্ষেপ নিয়েছে। উদ্দীপকে উচ্চশিক্ষিত সুমন ও নীলিমার কথা বলা হয়েছে। তারা - পরস্পরকে ভালোবাসে এবং সংসারী হতে চায়। কিন্তু নীলিমার পরিবার যৌতুক দিতে অপারগ হলে সুমনের পরিবার নীলিমা কে মেনে নেয় না। সুমনও কোনো পদক্ষেপ না নিয়ে পরিবারের ইচ্ছায় অন্যত্র বিয়ে করে। নীলিমা এটিকে অপমান মনে করে আর বিয়ে করে না এবং শিক্ষকতায় নিবেদিত হয়ে বাকি জীবন অতিবাহিত করে। এই 'নীলিমা যেন 'অপরিচিতা' গল্পের কল্যাণীরই প্রতিচ্ছবি।

RK Knowledge

Bangla 1st Paper

MCQ MASTERBOOK

মোট প্রশ্ন ১২৩১

সূচিপত্র

Table of Contents

অধ্যায়	পৃষ্ঠা	প্রশ্ন
১. কবিতা : ফেব্রুয়ারী ১৯৬৯	4	৭৪
২. উপন্যাস : লালসালু	12	১৬৬
৩. কবিতা : আঠারো বছর বয়স	30	৬৮
৪. কবিতা : আমি কিংবদন্তি কথা বলছি	37	৭৪
৫. কবিতা : ঋতু-বর্ণন (New Syllabus)	45	১০
৬. কবিতা : তাহারেই পড়ে মনে	46	৭৬
৭. কবিতা : পদ্মা (New Syllabus)	54	৯
৮. কবিতা : প্রতিদান	55	৫৫
৯. কবিতা : প্রত্যাবর্তনের লজ্জা (New Syllabus)	61	১০
১০. কবিতা : বিদ্রোহী	62	৫৫
১১. কবিতা : বিভীষণের প্রতি মেঘনাদ (New Syllabus)	67	১৮
১২. কবিতা : সুচেতনা (New Syllabus)	69	১০
১৩. কবিতা : সোনার তরী	70	৫৯
১৪. গদ্য : অপরিচিতা	76	৯৯
১৫. গদ্য : অর্ধাঙ্গী (New Syllabus)	86	১০
১৬. গদ্য : কপিলদাস মূর্মুর শেষ কাজ (New Syllabus)	87	১০
১৭. গদ্য : গম্ভব্য কাবুল (New Syllabus)	88	১০
১৮. গদ্য : জীবন ও বৃক্ষ (New Syllabus)	89	১৫
১৯. গদ্য : নেকলেস (New Syllabus)	91	১৩
২০. গদ্য : বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন (New Syllabus)	93	১
২১. গদ্য : বিলাসী	94	৬০
২২. গদ্য : মাসি-পিসি	101	৮৩
২৩. গদ্য : যৌবনের গান (New Syllabus)	110	২
২৪. গদ্য : রেইনকোট	111	৭৮
২৫. গদ্য : সাহিত্যে খেলা (New Syllabus)	119	৯

প্রশ্ন ১

'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কোন শহিদের স্মৃতিচারণ করা হয়েছে?

- i. ভাষা-শহিদ
ii. মুক্তিযুদ্ধে শহিদ
iii. গণ-অভ্যুত্থানে শহিদ
নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii
গ. ii ও iii
খ. i ও iii
ঘ. i, ii ও iii

[Rajshahi — 2025]

উত্তর: i ও iii

প্রশ্ন ২

'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় একুশের কৃষ্ণচূড়া আমাদের কীসের রং?

- ক. উল্লাসের
গ. আনন্দের
খ. চেতনার
ঘ. ঐক্যের

[Rajshahi — 2025]

উত্তর: চেতনার

প্রশ্ন ৩

উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও:

মধ্যাহ্নের প্রখর সূর্য/উত্তপ্ত রাজপথ মাড়িয়ে ছাত্র-জনতার মিছিল দুর্বীর গতিতে শাহবাগের দিকে যাচ্ছিল। বাসার বারান্দা থেকে তা দেখে ইতিহাসের স্মৃতি রোমন্থন করতে গিয়ে মা তার কিশোর সন্তানকে শোনাচ্ছেন-একুশের গল্প, গণ-অভ্যুত্থানের গল্প, মুক্তিযুদ্ধের গল্প। রাজপথের ওপর ছোপ ছোপ রক্ত দেখে তার চোখ ছলছল করে। প্রশ্ন উদ্দীপকের যে দিকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় অনুপস্থিত-

- ক. হত্যাযজ্ঞ
গ. মায়ের গল্প
খ. ইতিহাস চেতনা
ঘ. দুর্বীর মিছিল

[Dhaka — 2025]

উত্তর: মায়ের গল্প

প্রশ্ন ৪

উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও:

মধ্যাহ্নের প্রখর সূর্য/উত্তপ্ত রাজপথ মাড়িয়ে ছাত্র-জনতার মিছিল দুর্বীর গতিতে শাহবাগের দিকে যাচ্ছিল। বাসার বারান্দা থেকে তা দেখে ইতিহাসের স্মৃতি রোমন্থন করতে গিয়ে মা তার কিশোর সন্তানকে শোনাচ্ছেন-একুশের গল্প, গণ-অভ্যুত্থানের গল্প, মুক্তিযুদ্ধের গল্প। রাজপথের ওপর ছোপ ছোপ রক্ত দেখে তার চোখ ছলছল করে। প্রশ্ন উদ্দীপকের মায়ের শোনানো গল্পে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার যে দিকটি প্রকাশ পেয়েছে-

- i. ভাষা আন্দোলন
ii. গণ-আন্দোলন

iii. স্বাধীনতার যুদ্ধ
নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii
গ. ii ও iii
খ. i ও iii
ঘ. i, ii ও iii

[Dhaka — 2025]

উত্তর: i ও ii

প্রশ্ন ৫

'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'কমলবন হচ্ছে তছনছ' বলতে কী বোঝানো হয়েছে?

- ক. মানবিকতা, সুন্দর ও কল্যাণের জগৎ ধ্বংস করা হচ্ছে।
গ. জাতিগত শোষণ ও নিপীড়ন চালানো হচ্ছে।
খ. মানুষের বাক-স্বাধীনতা কেড়ে নেয়া হচ্ছে।
ঘ. মানুষকে নির্বিচারে হত্যা করা হচ্ছে।

[Comilla — 2025]

উত্তর: মানবিকতা, সুন্দর ও কল্যাণের জগৎ ধ্বংস করা হচ্ছে।

প্রশ্ন ৬

'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'একুশের কৃষ্ণচূড়া' আমাদের কীসের প্রতীক?

- ক. আকাঙ্ক্ষার
গ. চেতনার
খ. ঐতিহ্যের
ঘ. সংগ্রামের

[Comilla — 2025]

উত্তর: চেতনার

প্রশ্ন ৭

'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'একুশের কৃষ্ণচূড়া' আমাদের কীসের প্রতীক?

- ক. আকাঙ্ক্ষার
গ. সংগ্রামের
খ. ঐতিহ্যের
ঘ. চেতনার

[Chittagong — 2025]

উত্তর: চেতনার

CQ

SHORT BOOK

বাংলা ২য় পত্র



সৃজনশীল প্রশ্ন

প্রশ্ন ১

[Dinajpur — 2025]

ক.

র-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

উত্তর:

র-ফলা ব্যঞ্জনবর্ণের সাথে যুক্ত হলে তার উচ্চারণে কিছু পরিবর্তন আসে। নিচে র-ফলা উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ দেওয়া হলো:

১. শব্দের শুরুতে (আদ্য বর্ণে): শব্দের প্রথম বর্ণে র-ফলা যুক্ত হলে, যে বর্ণে র-ফলা যুক্ত হয় তার উচ্চারণ প্রায় অপরিবর্তিত থাকে এবং র-ফলার উচ্চারণ স্পষ্টভাবে শোনা যায়।

উদাহরণ: গ্রহ (গ্রোহো), শ্রম (স্রোম), ব্রত (ব্রোতো), প্রথম (প্রোথোম)।

২. শব্দের মধ্যে বা শেষে (মধ্য বা অন্ত্য বর্ণে): শব্দের মাঝে বা শেষের কোনো বর্ণে র-ফলা যুক্ত হলে, যুক্ত বর্ণটির উচ্চারণ দ্বিত্ব হয় (দুবার উচ্চারিত হয়)।

উদাহরণ: ছাত্র (ছাত্রো), মাত্র (মাত্রো), বিদ্রোহ (বিদ্রোহো), সহস্র (শহস্রো)।

৩. 'হ'-এর সঙ্গে র-ফলা: 'হ'-এর সঙ্গে র-ফলা যুক্ত হলে 'হ'-এর উচ্চারণ প্রায় উহ্য থাকে এবং র-ফলার উচ্চারণটি প্রবল হয়। এর উচ্চারণ অনেকটা 'rh'-এর মতো হয়।

উদাহরণ: হ্রদ (হ্রদ), হ্রাস (হ্রাশ)।

৪. নাসিক্য বর্ণে র-ফলা: নাসিক্য বর্ণ (যেমন: ম, ন) এর সাথে র-ফলা যুক্ত হলে বর্ণের দ্বিত্ব উচ্চারণ হয় না।

উদাহরণ: নম্র (নম্রো), নিম্ন (নিম্নো) [এখানে দ্বিত্ব হয়নি]।

৫. পূর্ববর্তী 'অ'-ধ্বনির পরিবর্তন: র-ফলা যুক্ত ব্যঞ্জনবর্ণের পূর্ববর্তী বর্ণে যদি 'অ' ধ্বনি থাকে, তবে সেই 'অ'-এর উচ্চারণ প্রায়শই 'ও'-কারের মতো (সংবৃত) হয়।

উদাহরণ: পবিত্র (পোবিত্রো), মন্ত্রণা (মোন্ত্রোনা), চরিত্র (চোরিত্রো)।

খ.

যে কোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখ:

আশ্চর্য, মেঘমালা, মতি, রক্ত ব্রাহ্মণ, বিশ্বাস, কল্যাণ, নবান্ন।

উত্তর:

শব্দ	উচ্চারণ
আশ্চর্য	আশ্চোর জো
মেঘমালা	মেঘোমালা
মতি	মোতি
রক্ত	রক্তো
ব্রাহ্মণ	ব্রাম্হোন
বিশ্বাস	বিশ্শাশ্
কল্যাণ	কোল্লান্
নবান্ন	নবান্নো

প্রশ্ন ২

[Dhaka — 2025]

ক.

উদাহরণসহ 'অ' ধ্বনির উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ।

উত্তর:

১। শব্দের আদিতে যদি 'অ' থাকে এবং তারপরে 'ই'-কার, 'উ'-কার, থাকে তবে সে- 'অ' এর উচ্চারণ সাধারণত 'ও'-কারের মতো হয়। যথাঃ অভিধান (ওভিধান), অভিযান (ওভিজান), অতি (ওতি), মতি (মোতি), অতীত (ওতীত), অধীন (অধীন) ইত্যাদি।

২। শব্দের আদ্য-'অ' এর পরে 'য'-ফলাযুক্ত ব্যঞ্জনবর্ণ থাকলে সেক্ষেত্রে 'অ'-এর উচ্চারণ প্রায়শ 'ও'-কারের মতো হয়। যেমনঃ অদ্য (ওদ্দো), অন্য (ওনুনো), অত্যাচার (ওত্‌তাচার), কন্যা (কোন্না), বন্যা (বোন্না) ইত্যাদি।

৩। শব্দের আদ্য-'অ' এর পর 'ক্ষ', 'জ্ঞ', থাকলে, সে 'অ'পের উচ্চারণ সাধারণত 'ও'-কারের মতো হয়ে থাকে। যথাঃ অক্ষ (ওক্‌খো), দক্ষ (দোক্‌খো), যক্ষ (জোক্‌খো), লক্ষণ (লোক্‌খো), যজ্ঞ (জোগ্‌গোঁ), লক্ষ (লোক্‌খো), রক্ষা (রোক্‌খা) ইত্যাদি।

৪। শব্দের প্রথমে যদি 'অ' থাকে এবং তারপর 'ঋ'-কার যুক্ত ব্যঞ্জনবর্ণ থাকলেও, সেই 'অ'-এর উচ্চারণ সাধারণত 'ও'-কারের মতো হয়। যথাঃ মসৃণ (মোস্‌স্‌ন), বক্তৃতা (বোক্‌ত্‌তা), যকৃত (জোক্‌ক্‌ত)।

৫। শব্দের প্রথমে 'অ' যুক্ত 'র'-ফলা থাকলে সেক্ষেত্রেও আদ্য 'অ'-এর উচ্চারণ সাধারণত 'ও'-কার হয়ে থাকে। যথাঃ ক্রম (ক্রোম), গ্রহ (গ্রোহো), গ্রন্থ (গ্রোন্‌থো), ব্রত (ব্রোতো) ইত্যাদি।

খ.

যে কোনো পাঁচটি শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ:

অধ্যক্ষ, ইতোমধ্যে, উদ্যোগ, ঐকতান, কল্যাণ, চর্যাপদ, ধন্যবাদ, পদ্ম।

উত্তর:

অধ্যক্ষ	ওদ্ ধোক্‌ খো
ইতোমধ্যে	ইতোমোদ্‌ ধে
উদ্যোগ	উদ্‌ দোগ্‌
ঐকতান	ওই কোতান্‌
কল্যাণ	কোল্‌ ল্যান্‌
চর্যাপদ	চোর্‌ জাপদ্‌
ধন্যবাদ	ধোন্‌ নোবাদ্‌
পদ্ম	পদ্‌ দৌ

ENGLISH 1ST PAPER

SHORT BOOK



সূচিপত্র

Table of Contents

১.	Reading : Seen Comprehension (Short Question)	4
২.	Reading : Information Transfer/Flow Chart	25
৩.	Reading : Writing Summary of the Text/Poem	33
৪.	Reading : Cloze Test (with Clues)	47
৫.	Reading : Cloze Test (without Clues)	83
৬.	Reading : Rearranging Sentence	118
৭.	Writing : Interpreting graph/chart	140
৮.	Writing : Informal Letter/E-mail	155
৯.	Writing : Completing Story	166
১০.	Writing : Paragraph Writing (New Syllabus)	183
১১.	Writing : Theme (New Syllabus)	200

সৃজনশীল প্রশ্ন

প্রশ্ন ১

[Sylhet — 2025]

ক.

Read the passage and answer the questions below:

[Unit- 8; Lesson- 1(B)(New)]

The famous Greek philosopher Aristotle said, "Man is by nature a social animal." What he meant was that man, by instinct, seeks company of others and establishes relationships much like most animals of the wild, for companionship and for physical and emotional support. Unlike the animals, however, man's relationships give meaning to his existence and inspires him to do well in education, in workplace or in a profession that he pursues. Relationships are of different kinds. Some are familial and intimate, formed by blood and by marriage, some are social like the ones we have with friends and some are made in school where we form close bonds with classmates and teachers. Relationships can also be fostered in work place, which may quickly change from professional to social. There are relationships also between human beings and animals, between children and their toys that they cannot part with.

All these relationships keep us close to each other and provide us all kinds of support, love and affection. A person who has no family feels the pain of loneliness and isolation. There is no one to laugh or cry with him/her. When we share our joy with someone, it simply redoubles and when we suffer a loss and someone shares our sorrow, it lessens. Relationships are thus needed for our emotional health.

To build relationships, we need to have trust and respect for each other, and love where this is needed. We cannot be selfish and possessive if we want to establish an effective relationship. But quite often we see people quarreling and fighting with each other which only brings misery and loss to all.

B. Answer the following questions:

- Differentiate man's relationships from those of other animals.
- "Man is by nature a social animal." Explain.
- Describe the importance of relationship.
- What happens to a person who has no family?
- Name different types of relationships.

উত্তর:

- Man's relationships are different from those of other animals due to their complexity, emotional depth, and ability to communicate and connect on various levels.
- "Man is by nature a social animal" means that humans have an inherent tendency to form connections and engage in social interactions due to their evolutionary history and emotional needs.
- Relationship is important because it inspires us to do well in our workplace or in a profession and to maintain our emotional health.
- The person who has no family suffers from the pain of loneliness and isolation.
- The types of relationships are various, such as, familial, social, professional.



KNOWLEDGE

ENGLISH 2ND PAPER

SHORT BOOK



সূচিপত্র

Table of Contents

১.	Grammar : Gap filling activities without clues (for articles)	4
২.	Grammar : Gap filling activities without clues (for prepositions)	11
৩.	Grammar : Gap filling activities by Using Some Special Phrases/Words	49
৪.	Grammar : Completing sentences	96
৫.	Grammar : Use of verbs	132
৬.	Grammar : Changing Sentences (New Syllabus)	169
৭.	Grammar : Narrative style (direct to indirect and vice versa)	179
৮.	Grammar : Pronoun (New Syllabus)	196
৯.	Grammar : Use of modifiers	206
১০.	Grammar : Use of sentence connectors	239
১১.	Grammar : Use of Synonym and Antonym	278
১২.	Grammar : Use of Punctuation Marks	312
১৩.	Composition : Formal letter writing/Gmail	340
১৪.	Composition : Writing Paragraphs (Comparison/Contract Cause/ Effect)	355
১৫.	Composition : Report Writing (New Syllabus)	361
১৬.	Composition : Writing paragraph (by listing/ description) within 200 words	367
১৭.	Composition : Writing Composition (New Syllabus)	377

প্রশ্ন ৮

[Dinajpur — 2019]

ক.

Fill in the blanks in the following text with articles (a/an/the) as necessary. Some of the blanks may not require an article. Put a cross (x) in those blanks.

Childhood or boyhood is (a) — man's formative period. During this period (b) — child receives training from its mother. (c) — mother's tender heart always looks to (d) — welfare and well-being of (e)— child. If during this period (f) —mother tries to bring (g) — child up carefully and according to her (h) — best ideas, (i) —child is sure to grow with its superiors, parents and teachers and love (j) — all irrespective of caste, creed and colour.

উত্তর:

(a) a; (b) a; (c) The/A; (d) the; (e) the/a; (f) the/a; (g) the; (h) x; (i) the; (j) x

প্রশ্ন ৯

[Dhaka — 2018]

ক.

Fill in the blanks in the following text with articles (a/an/the) as necessary. Some of the blanks may not require an article. Put a cross (x) in those blanks: —

Bangladesh is (a) — independent country. We won freedom on (b) — December 16, 1971. This freedom was won as (c) — result of great sacrifice. (d) — great many people laid down their lives for (e) — freedom of the country. (f) — man who loves his country is (g) — patriot. (h) — real patriot loves his country more than his life. Being patriot, we all should try to make (i) — effort for the welfare and (j) — progress of our motherland.

উত্তর:

(a) an; (b) x; (c) a; (d) A; (e) the; (f) The; (g) a; (h) A; (i) an; (j) x/the.

প্রশ্ন ১০

[Comilla — 2018]

ক.

Fill in the blanks in the following text with articles (a/an/the) as necessary. Some of the blanks may not require an article. Put a cross (x) in those blanks: —

William Shakespeare was born on April 23, 1564 in (a) — village of Stratford-on-Avon in (b) — country of Warwickshire. His father John Shakespeare was (c) — farmer's son who came (d) — Stratford about 1531, and began to prosper as (e) — trader in corn, wheat, leather and agricultural products. His mother Mary Arden was (f) — daughter of (g) — prosperous farmer, descended from (h) — old family of mixed Anglo-Saxon and Norman blood. It is generally believed that neither (i) — poet's mother nor his father could read or write. In 1582, Shakespeare married Anne Hathaway, the daughter of (j) — peasant family. She was eight years older than Shakespeare.

উত্তর:

(a) the; (b) the; (c) a; (d) x; (e) a; (f) the; (g) a; (h) an; (i) the; (j) a.



HSC

CQ

SHORT BOOK

ICT



সূচিপত্র

Table of Contents

১.	Chapter 1 : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি :- বিশ্ব ও বাংলাদেশ প্রেক্ষিত	4
২.	Chapter 2 : কমিউনিকেশন সিস্টেমস ও নেটওয়ার্কিং	30
৩.	Chapter 3 : সংখ্যা পদ্ধতি ও ডিজিটাল ডিভাইস	62
৪.	Chapter 4 : ওয়েব ডিজাইন পরিচিতি এবং HTML	114
৫.	Chapter 5 : প্রোগ্রামিং ভাষা	141
৬.	Chapter 6 : ডেটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম i	164

অধ্যায় ১: Chapter 1 : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি :- বিশ্ব ও বাংলাদেশ প্রেক্ষিত

জ্ঞানমূলক প্রশ্ন (ক)

১.

কৃত্রিম বুদ্ধিমত্তা বলতে কী বুঝায়?

উত্তর:

সাধারণভাবে কৃত্রিম বুদ্ধিমত্তা হলো একটি যন্ত্রকে মানুষের মতো বুদ্ধিমত্তা দিয়ে সেটিকে চিন্তাশক্তি বৃদ্ধি কিংবা বিশ্লেষণ করানোর ক্ষমতা দেওয়ার ধারণা। অর্থাৎ কোনো ঘটনা বা পরিস্থিতির সাপেক্ষে কোনো যন্ত্র (যেমন- কম্পিউটার) কী ধরনের সিদ্ধান্ত নিবে তার সক্ষমতা পরিমাপণ পদ্ধতিকে বলা হয় কৃত্রিম বুদ্ধিমত্তা।

২.

Deep Learning কী?

উত্তর:

Deep Learning হলো Machine Learning এর একটি শাখা যা কৃত্রিম নিউরাল নেটওয়ার্ক ব্যবহার করে ডেটা থেকে জটিল প্যাটার্ন শিখতে সক্ষম। এটি মানুষের মস্তিষ্কের কার্যকলাপ অনুকরণ করে বিশাল পরিমাণ ডেটা থেকে জটিল প্যাটার্ন শিখতে পারে।

৩.

আউটসোর্সিং কী?

উত্তর:

আউটসোর্সিং হলো কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির নিজের কাজ অন্য কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তিকে চুক্তিভিত্তিকভাবে করিয়ে নেওয়ার প্রক্রিয়া। যেমন- ডাটা এনালিসিস সেন্টার, সফটওয়্যার ডেভেলপমেন্ট ইত্যাদি কাজ অনেক সময় আউটসোর্সিংয়ের মাধ্যমে করা হয়।

৪.

টেলিমেডিসিন কী?

উত্তর:

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে দূরবর্তী রোগীদেরকে বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা চিকিৎসা সেবা দেওয়ার ব্যবস্থা হলো টেলিমেডিসিন।

৫.

বায়োম্যেট্রিক্স কী?

উত্তর:

মানুষের দৈহিক গঠন বা আচরণগত বৈশিষ্ট্য পরিমাপের ভিত্তিতে কোনো ব্যক্তিকে অদ্বিতীয়ভাবে শনাক্ত করার জন্য ব্যবহৃত প্রযুক্তিই হলো বায়োম্যেট্রিক্স।

৬.

ই-লার্নিং কী?

উত্তর:

গতানুগতিক শ্রেণিকক্ষে শিক্ষাদানের পরিবর্তে অনলাইনে শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে ইলেক্ট্রনিক মাধ্যম, বিশেষত কম্পিউটার, ইন্টারনেট ও ওয়েব ব্যবহার করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করার পদ্ধতিই হলো ই-লার্নিং।

৭.

বিশ্বগ্রাম কী?

উত্তর:

গ্লোবাল ভিলেজ বা বিশ্বগ্রাম হলো এমন একটি পরিবেশ ও সমাজ যেখানে তথ্যপ্রযুক্তির মাধ্যমে যুক্ত হয়ে পৃথিবীর বিভিন্ন অঞ্চলের মানুষ পরস্পরের সাথে যোগাযোগ করাসহ বিভিন্ন ধরনের সাহায্য-সহযোগিতা প্রদান করতে পারে।

৮.

রোবটিক্স কী?

উত্তর:

প্রযুক্তির যে শাখায় রোবটের নকশা বা ডিজাইন, গঠন, পরিচালন প্রক্রিয়া, কাজ ও প্রয়োগদের সম্পর্কে আলোচনা করা হয়, সেই শাখাকে রোবটিক্স বলে।

৯.

Deep Learning কী?

উত্তর:

Deep Learning হলো কৃত্রিম বুদ্ধিমত্তার একটি পদ্ধতি যা কম্পিউটারকে এমনভাবে ডেটা প্রক্রিয়া করতে শেখায় যা মানুষের মস্তিষ্ক দ্বারা অনুপ্রাণিত হয়।

১০.

প্লেজারিয়াজম কী?

উত্তর:

কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের কোনো লেখা, সাহিত্যকর্ম, গবেষণাপত্র, সম্পাদনাকর্ম ইত্যাদি হুবহু নকল বা আংশিক পরিবর্তন করে নিজের নামে প্রকাশ করাকে প্লেজারিয়াজম বলা হয়।

অনুধাবনমূলক প্রশ্ন (খ)

১.

ব্যক্তি শনাক্তকরণের জন্য কোন প্রযুক্তি ব্যবহার করা হয়? ব্যাখ্যা করো।

উত্তর:

ব্যক্তি শনাক্তকরণের প্রযুক্তিটি হচ্ছে বায়োমেট্রিক্স প্রযুক্তি। মানুষের দৈহিক গঠন বা আচরণগত বৈশিষ্ট্য পরিমাপের ভিত্তিতে কোনো ব্যক্তিকে অদ্বিতীয়ভাবে শনাক্ত করার জন্য ব্যবহৃত প্রযুক্তিই হলো বায়োমেট্রিক্স। দৈহিক গঠন বা শরীরবৃত্তীয় বায়োমেট্রিক্স পদ্ধতিগুলো হলো- ফিঙ্গারপ্রিন্ট হ্যান্ড জিওমেট্রি আইরিশ স্ক্যানিং, ফেস রিকগনিশন ও ডিএনএ টেস্ট। অন্যদিকে আচরণগত পদ্ধতিগুলো হলো- কিবোর্ড টাইপিং গতি যাচাইকরণ, সিগনেচার যাচাইকরণ ও কণ্ঠস্বর যাচাইকরণ।

২.

"ঘরে বসে ডাক্তারের চিকিৎসা গ্রহণ করা যায়"-ব্যাখ্যা করো।

উত্তর:

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে দূরবর্তী রোগীদেরকে বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা চিকিৎসা সেবা দেওয়ার ব্যবস্থা হলো টেলিমেডিসিন। এ পদ্ধতিতে প্রত্যন্ত অঞ্চলের রোগীরা ঘরে বসেই বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ গ্রহণ করে চিকিৎসা সেবা পেতে পারে। এছাড়া, ইন্টারনেট ও ভিডিও কনফারেন্সিং ব্যবহার করে এক দেশের চিকিৎসক অন্য দেশের চিকিৎসকের সাথে সহজেই অনলাইন যোগাযোগ স্থাপন করে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করতে পারে। অর্থাৎ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কল্যাণে ঘরে বসেই ডাক্তারের চিকিৎসা গ্রহণ করা সম্ভব।

প্রশ্ন ১

উদ্দীপক:

মি. রফিক একজন বিখ্যাত গবেষক। তিনি এবং তার দল পার্পল কালার (বেগুনি রং) এর উফশী ধান আবিষ্কার করেন। মি. রফিকের বন্ধু শফিক একদিন তার ল্যাভে প্রবেশের জন্য হাত দিতে গেলেই দরজাটি না খুলে এলার্ম বেজে উঠে। কিন্তু মি. রফিক এসে দরজার সামনে দাঁড়াতেই সেই দরজা খুলে যায়।

[Dhaka — 2025]

ক.

ই-লার্নিং কী?

উত্তর:

গতানুগতিক শ্রেণিকক্ষে শিক্ষাদানের পরিবর্তে অনলাইনে শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে ইলেক্ট্রনিক মাধ্যম, বিশেষত কম্পিউটার, ইন্টারনেট ও ওয়েব ব্যবহার করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করার পদ্ধতিই হলো ই-লার্নিং।

খ.

"প্রযুক্তি ব্যবহার করে সরাসরি রোগাক্রান্ত কোষে চিকিৎসা প্রদান সম্ভব"- ব্যাখ্যা কর।

উত্তর:

প্রযুক্তি ব্যবহার করে সরাসরি রোগাক্রান্ত কোষে চিকিৎসা প্রদানের কার্যকর একটি উপায় হলো ন্যানো-ক্রায়োসার্জারি। এই প্রযুক্তির সাহায্যে প্রথমে বিশেষভাবে ডিজাইন করা ন্যানো-পার্টিকেলস রোগাক্রান্ত কোষ শনাক্ত করে এবং সেখানে জমা হয়। এরপর ঐ নির্দিষ্ট জায়গায় ক্রায়োপ্রোবের সাহায্যে ঠান্ডা প্রয়োগ করা হয়। এই ঠান্ডা ন্যানোকণিকার সাহায্যে বহুগুণ কার্যকরভাবে কোষে ঠান্ডা সৃষ্টি করে। দ্রুত ঠান্ডায় নির্বাচিত রোগাক্রান্ত কোষের ভেতরের পানি বরফে পরিণত হয়ে কোষ ফেটে যায় ও মারা যায়। এভাবে সরাসরি ও অত্যন্ত নির্ভুলভাবে রোগাক্রান্ত কোষে চিকিৎসা প্রদান সম্ভব হয়।

গ.

মি. রফিক দরজার সামনে দাঁড়ালে দরজাটি খুলে গেলেও শফিক হাত দিলেও দরজার খুলল না কেন? ব্যাখ্যা কর।

উত্তর:

মি: রফিক দরজার সামনে দাঁড়ালে দরজাটি খুলে গেলেও শফিক হাত দিলেও দরজাটি খুলল না। নিচে এর কারণ ব্যাখ্যা করা হলো: উদ্দীপকের দরজাটিতে বায়োমেক্ট্রিক সিকিউরিটি সিস্টেম হিসেবে ফেইসরিকগনিশন অথবা হ্যান্ডজিওমোট্রিকব্যবহার করা হয়েছে। ফেইস রিকগনিশন হচ্ছে এমন একটি পদ্ধতি যেখানে মানুষের মুখের জ্যামিতিক আকার ও গঠনকে পরীক্ষা করে উক্ত ব্যক্তিকে অদ্বিতীয়ভাবে শনাক্ত করা যায়। এ পদ্ধতিতে সিস্টেমে সংরক্ষিত পূর্বের ফেইস ডেটার সাথে নতুন প্রাপ্ত ফেইস ডেটা মিলিয়ে ব্যক্তিকে শনাক্ত করা হয়। উদ্দীপকের মি: রফিকের ফেইস ডেটার সাথে সিস্টেমে সংরক্ষিত পূর্বের ফেইস ডেটা মিলে যাওয়ায় দরজাটি স্বয়ংক্রিয়ভাবে খুলে যায়। অন্যদিকে, মি: শফিক হাত দিয়ে দরজা খুলতে গেলেই দরজাটি না খুলে এলার্ম বেজে উঠল। অর্থাৎ দরজাতে লাগানো হ্যান্ড জিওমোট্রিকটির রিডারটি মি: শফিককে শনাক্ত করতে ব্যর্থ হয়। এ পদ্ধতিতে হ্যান্ড জিওমোট্রিকটির সাহায্যে হাতের বিভিন্ন বৈশিষ্ট্যের ডেটা কম্পিউটারে সংরক্ষণ করা হয় এবং পরবর্তীতে নতুন ডেটার সাথে পূর্বের ডেটা মিলিয়ে ব্যক্তিকে শনাক্তকরণ করা হয়। উদ্দীপকের তথ্যানুসারে বলা যায় যে, মিঃ শফিকের হাতের ডেটার সাথে পূর্বে সংরক্ষিত সিস্টেমের ডেটার মিল না হওয়াতে দরজাতে ব্যবহৃত হ্যান্ড জিওমোট্রিকরিডারটি মিঃ শফিককে শনাক্ত করতে পারে নি। ফলে দরজাটি বন্ধই থাকে এবং অপরিচিত কেউ অ্যাক্সেস নেওয়ার চেষ্টা করায় সতর্কতামূলক সংকেত হিসাবে এলার্ম বেজে উঠে।

ঘ.

উফশী ধান আবিষ্কারের প্রযুক্তিটির কাজ করার পদ্ধতি বর্ণনা কর এবং প্রযুক্তিটি কৃষিক্ষেত্রে কী কী অবদান রাখছে তা উল্লেখ কর।

উত্তর:

উদ্দীপকে উফশী ধান আবিষ্কারে ব্যবহৃত প্রযুক্তিটি হলো জেনেটিক ইঞ্জিনিয়ারিং। জীবদেহে জীনোমকে প্রয়োজন অনুযায়ী সাজিয়ে কিংবা - একাধিক জীবের জীনোমকে জোড়া লাগিয়ে নতুন জীবকোষ সৃষ্টির কৌশলই হলো জেনেটিক ইঞ্জিনিয়ারিং। একটি উদ্ভিদ বা প্রাণীর বৈশিষ্ট্যের বাহক হচ্ছে জিন। অন্যদিকে জিনোম হলো জীবের বৈশিষ্ট্যের নকশা বা বিন্যাস। কোনো উদ্ভিদের বৈশিষ্ট্যের পরিবর্তন করতে চাইলে উক্ত উদ্ভিদের জিনোমের কোনো একটি জিনকে পরিবর্তন করে দিতে হয়। যেহেতু জিনগুলো আসলে ডিএনএ'র একটি অংশ, তাই একটা জিনকে পরিবর্তন করতে হলে ল্যাবরেটরিতে ডিএনএ'র সেই অংশটুকু কেটে আলাদা করে অন্য কোনো উদ্ভিদ বা ব্যাকটেরিয়া থেকে আরেকটি জিন কেটে এনে সেখানে লাগিয়ে দিতে হয়। এর ফলে একটি নতুন বৈশিষ্ট্যসম্পন্ন কাঙ্ক্ষিত উদ্ভিদের সৃষ্টি হয়।

উদ্দীপকে বর্ণিত ঘটনায় মি: রফিক পার্পল কালার (বেগুনি রঙের) উফশী ধানের বীজ আবিষ্কারের জন্য উপরের বর্ণিত পদ্ধতি অনুসরণ করেছেন। অর্থাৎ তিনি নির্দিষ্ট উদ্ভিদের ডিএনএ'র নির্দিষ্ট জিনকে কেটে আলাদা করে সেখানে সুনির্দিষ্ট জিনকে জোড়া লাগিয়ে নতুন প্রজাতির উফশী ধানের বীজ আবিষ্কার করেন।

RK Knowledge

ICT

MCQ MASTERBOOK

মোট প্রশ্ন ১০৬৩

সূচিপত্র

Table of Contents

অধ্যায়	পৃষ্ঠা	প্রশ্ন
১. Chapter 1 : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি :- বিশ্ব ও বাংলাদেশ প্রেক্ষিত	3	১৮২
২. Chapter 2 : কমিউনিকেশন সিস্টেমস ও নেটওয়ার্কিং	24	২১২
৩. Chapter 3 : সংখ্যা পদ্ধতি ও ডিজিটাল ডিভাইস	48	২৩৫
৪. Chapter 4 : ওয়েব ডিজাইন পরিচিতি এবং HTML	79	১৭০
৫. Chapter 5 : প্রোগ্রামিং ভাষা	98	২০৪
৬. Chapter 6 : ডেটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম i	122	৬০

CQ

SHORT BOOK

Biology 1st PAPER



১৩.

রাইবোজোমকে প্রোটিন তৈরির কারখানা বলা হয় কেন? ব্যাখ্যা করো।

উত্তর:

কোষীয় অঙ্গাণু রাইবোজোমকে প্রোটিন তৈরির কারখানা বলা হয়। কারণ, রাইবোজোমের প্রধান কাজই হলো প্রোটিন সংশ্লেষণ করা। রাইবোজোম mRNA আবদ্ধ করে tRNA-এর মাধ্যমে প্রেরিত সংকেত অনুযায়ী অ্যামিনো অ্যাসিড সংযুক্ত করে পলিপেপটাইড চেইন গঠন করে। প্রোটিন সংশ্লেষণের স্থানও রাইবোজোমের মাধ্যমে নির্ধারিত হয়ে থাকে।


গুরুত্বপূর্ণ টপিক

- কোষ প্রাচীর ও কোষঝিল্লী
- ফ্লুইড মোজাইক মডেল
- মাইটোকন্ড্রিয়া ও প্লাস্টিড
- নিউক্লিয়াস ও ক্রোমোজোম
- নিউক্লিক এসিড (DNA ডাবল হেলিক্স, RNA) পার্থক্য
- DNA ট্রান্সক্রিপশন, ট্রান্সলেশন, রেপ্লিকেশন

প্রশ্ন ২

উদ্দীপক:

নিচের চিত্রটি লক্ষ কর-



[Rajshahi — 2025]

ক.

ক্রিস্টালাইন মাইসেলি কাকে বলে?

উত্তর:

ক্রিস্টালাইন মাইসেলি হলো অনেকগুলো সেলুলোজ চেইনের সমন্বয়ে গঠিত একটি ক্ষুদ্র স্ফটিকসদৃশ গঠন, যা কোষ প্রাচীরের ক্ষুদ্রতম গাঠনিক একক হিসেবে কাজ করে।

খ.

স্পাইসিং বলতে কী বুঝায়?

উত্তর:


স্পাইসিং হলো একটি জৈবিক প্রক্রিয়া যেখানে প্রি-mRNA অণু থেকে নন-কোডিং অংশ অর্থাৎ ইন্ট্রন বাদ দেওয়া হয় এবং কোডিং অংশ বা এক্সনগুলো নির্দিষ্ট ক্রমে পুনরায় সংযুক্ত হয়। এই প্রক্রিয়ার ফলে একটি পরিপক্ব mRNA তৈরি হয়, যা প্রোটিন সংশ্লেষণের জন্য প্রস্তুত। ইউক্যারিওটিক কোষে সঠিক প্রোটিন তৈরির জন্য এই প্রক্রিয়াটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

গ.

C এর গঠনের সবচেয়ে গ্রহণযোগ্য মডেলের চিহ্নিত চিত্র আঁক।

উত্তর:

উদ্দীপকের চিত্রে 'C' চিহ্নিত আবরণটি হলো কোষঝিল্লি। আর কোষঝিল্লির সবচেয়ে গ্রহণযোগ্য মডেল হলো 'ফ্লুইড মোজাইক মডেল'। নিচে এ মডেলটির চিহ্নিত চিত্র অঙ্কন করা হলো-



চিত্র : ফ্লুইড-মোজাইক মডেল অনুযায়ী কোষঝিল্লির গঠন

ঘ.

উদ্দীপকে A ও B যে দুটি প্রক্রিয়াকে নির্দেশ করছে তাদের মধ্যে কী কী পার্থক্য আছে? বিশ্লেষণ কর।

RK Knowledge

Biology 1st Paper

MCQ MASTERBOOK

মোট প্রশ্ন ১১৪৭

সূচিপত্র

Table of Contents

অধ্যায়	পৃষ্ঠা	প্রশ্ন
১. Chapter 1: কোষ ও এর গঠন	3	১৫৩
২. Chapter 2: কোষ বিভাজন	22	১২৬
৩. Chapter 3: কোষ রসায়ন i	38	৩৫
৪. Chapter 4: অণুজীব	43	১৩১
৫. Chapter 5: শৈবাল ও ছত্রাক i	60	২৮
৬. Chapter 6: ব্রায়োফাইটা ও টেরেডোফাইটা i	63	১৫
৭. Chapter 7: নগ্নবীজী ও আবৃতবীজী উদ্ভিদ	65	১৫৬
৮. Chapter 8: টিস্যু ও টিস্যুতন্ত্র	87	১৩০
৯. Chapter 9 : উদ্ভিদ শারীরতত্ত্ব	104	১৯৭
১০. Chapter 10: উদ্ভিদ প্রজনন i	128	৬০
১১. Chapter 11: জীবপ্রযুক্তি	136	৯২
১২. Chapter 12: জীবের পরিবেশ, বিস্তার ও সংরক্ষণ i	148	২৪

CQ

SHORT BOOK

Biology 2nd PAPER



সূচিপত্র

Table of Contents

১.	Chapter 1: প্রাণীর বিভিন্নতা ও শ্রেণিবিন্যাস	4
২.	Chapter 2: প্রাণীর পরিচিতি	28
৩.	Chapter 3: পরিপাক ও শোষণ	53
৪.	Chapter 4: রক্ত ও সংবহন	75
৫.	Chapter 5 : শ্বসন ও শ্বাসক্রিয়া	96
৬.	Chapter 6: বর্জ্য ও নিষ্কাশন i	117
৭.	Chapter 7: চলন ও অঙ্গচালনা	129
৮.	Chapter 8: সমন্বয় ও নিয়ন্ত্রণ i	148
৯.	Chapter 9: মানব জীবনের ধারাবাহিকতা i	156
১০.	Chapter 10: মানবদেহের প্রতিরক্ষা i	167
১১.	Chapter 11: জিনতত্ত্ব ও বিবর্তন	176
১২.	Chapter 12: প্রাণীর আচরণ i	202

অধ্যায় ১: Chapter 1: প্রাণীর বিভিন্নতা ও শ্রেণিবিন্যাস

জ্ঞানমূলক প্রশ্ন (ক)

১.

অন্তঃকোষীয় পরিপাক কী?

উত্তর:

কোষের অভ্যন্তরে সংঘটিত পরিপাকই হলো অন্তঃকোষীয় পরিপাক।

২.

ক্লিভেজ কী?

উত্তর:

জাইগোটের বিভাজনই হলো ক্লিভেজ।

৩.

মায়োটোম কাকে বলে?

উত্তর:

মাছ বা কর্ডাটা পর্বের প্রাণীদের মেরুদণ্ডের দুই পাশে অবস্থিত ইংরেজি 'V' আকৃতির মাংসপেশিগুচ্ছকে মায়োটোম বলে।

৪.

মূত্র কাকে বলে?

উত্তর:

নেফ্রনের ক্লসিয় নালিকায় গ্লোমেরুলার ফিল্ট্রেট এর নির্বাচিত পুনঃশোষণের পর যে খড় বর্ণের, তীব্র ঝাঁঝালো গন্ধযুক্ত ও অম্লধর্মী তরল রেচন বর্জ্য মূত্রথলিতে জমা হয়, তাকে মূত্র বলে।

৫.

হিপনোটক্সিন কী?

উত্তর:

Hydra নেমাটোসিস্টের ভিতরে অবস্থিত ফেনল ও প্রোটিন সহযোগে গঠিত এক ধরনের বিষাক্ত তরল পদার্থকে হিপনোটক্সিন বলা হয়।

৬.

মলাশ্ম (Coprolite) কী?

উত্তর:

মলাশ্ম হলো প্রাণীদের জীবাশ্মকৃত মল যা লক্ষ লক্ষ বছর আগে বেঁচে ছিল।

৭.

'সিলোম' কী?

উত্তর:

ভূণীয় মেসোডার্ম থেকে উদ্ভূত ভিসেরাল পেরিটোনিয়াম পর্দা দ্বারা আবৃত দেহ গহ্বরই হলো সিলোম।

৮.

ট্যাক্সন কী?

উত্তর:

জীবের শ্রেণিবিন্যাসে ব্যবহৃত প্রতিটি এককই হলো ট্যাক্সন।

অনুধাবনমূলক প্রশ্ন (খ)

১.

হালদা নদীকে কেন কার্প জাতীয় মাছের প্রাকৃতিক জিন ব্যাংক বলা হয়?

উত্তর:

বাংলাদেশের হালদা নদী হলো এশিয়ার একমাত্র প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্রস্থান থেকে সরাসরি কার্প জাতীয় মাছের নিষিদ্ধ ডিম সংগ্রহ করা হয়। রুই, কাতলা, মৃগেল ও কালবাউশ মাছের বিশুদ্ধ জিনগত বৈশিষ্ট্য এই নদীর মাছের মধ্যে বজায় থাকে যা অন্য কোথাও পাওয়া যায় না। এই নদী থেকে পাওয়া রেণু পোনার বৃদ্ধি ও বেঁচে থাকার হার কৃত্রিম হ্যাচারির তুলনায় অনেক বেশি। মাছের আদি ও অকৃত্রিম জিনের আধার রক্ষা করে বলে হালদা নদীকে কার্প জাতীয় মাছের প্রাকৃতিক জিন ব্যাংক বলা হয়।

২.

Sarcopterygii এর Lobe-finned fish থাকার সুবিধা কী?

উত্তর:

Sarcopterygii শ্রেণির মাছগুলোর প্রধান বৈশিষ্ট্য হলো এদের পাখনাগুলো মাংসল বা লোব যুক্ত এবং এগুলো মজবুত হাড়ের কাঠামোর ওপর ভিত্তি করে গঠিত। এই শক্তিশালী পাখনার সাহায্যে তারা পানির তলদেশে মাটির উপর ভর দিয়ে চলাফেরা বা হাঁটাইটিক্রিতে পারে, যা সাধারণ পাখনায়ুক্ত মাছের পক্ষে সম্ভব নয়। এছাড়া এদের অনেক প্রজাতির ফুসফুস সদৃশ অঙ্গ থাকে, যা পানি শুকিয়ে গেলেও বাতাসের অক্সিজেন গ্রহণ করে প্রতিকূল পরিবেশে দীর্ঘ সময় টিকে থাকতে সাহায্য করে। বিবর্তনীয়ভাবে এই মাছগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এদের এই হাড়যুক্ত মাংসল পাখনাই পরবর্তীতে চতুষ্পদ স্থলচর প্রাণীর পা হিসেবে বিকশিত হয়েছিল, যা জলজ প্রাণীর ডাঙ্গায় বসবাসের পথ প্রশস্ত করেছিল।

৩.

সিলোমের গঠনের ভিত্তিতে প্রাণীদের শ্রেণিবিন্যাস করো।

উত্তর:

সিলোমের গঠন এবং পরিস্ফুটন পদ্ধতির ওপর ভিত্তি করে প্রাণীদের চারটি শ্রেণিতে বিন্যস্ত করা যায়। প্রথমত, যাদের সিলোম ব্লাস্টোসিল গহ্বর থেকে গঠিত হয় এবং বাইরে এক্টোডার্ম ও ভেতরে এন্ডোডার্ম থাকে, তাদের অপ্রকৃত সিলোমবাহী 'প্রাণী' বলে। দ্বিতীয়ত, সাইজোসিলোমেটা প্রাণীদের সিলোম গঠিত হয় এন্ডোমেসোডার্মাল ফাটলের ফলে। তৃতীয়ত, মেসেনকাইমাল সিলোমেটা প্রাণীদের সিলোম মেসেনকাইম স্তরের কোষ দিয়ে ঘেরা থাকে। চতুর্থত, এন্টেরোসিলোমেটা প্রাণীদের সিলোম ভূণের আর্কেন্টেরন অঞ্চল থেকে গঠিত হয় এবং দেখতে মেসোডার্মাল খলির মতো হয়।

৪.


দুটি কশেরুকার মধ্যবর্তী অঞ্চলে বিদ্যমান তরুণাস্থি কেন হায়ালিন হতে ভিন্নতর?

উত্তর:

দুটি কশেরুকার মধ্যবর্তী অঞ্চলে বিদ্যমান তরুণাস্থি মূলত শ্বেত তন্তুময় তরুণাস্থি, যা সাধারণ হায়ালিন তরুণাস্থি থেকে ভিন্ন। এটি অত্যন্ত শক্ত অস্থিতিস্থাপক এবং ঘন কোলাজেন তন্তু দ্বারা গঠিত, যা প্রচণ্ড চাপ ও ভার সহ্য করতে সক্ষম, হায়ালিন তরুণাস্থি স্বচ্ছ, নমনীয় এবং কম কোলাজেনযুক্ত হয়। সুতরাং কশেরুকার মধ্যবর্তী স্থানটি চরম চাপ সহ্য করার জন্য রূপান্তরিত হয়, তাই এটি নমনীয় হায়ালিন না হয়ে শক্ত শ্বেত তন্তুময় তরুণাস্থি দ্বারা গঠিত হয়।

প্রশ্ন ৭

উদ্দীপক:



[Mymensingh — 2023]

ক.
প্রাণিবৈচিত্র্য কাকে বলে?

উত্তর:

পৃথিবীর সমস্ত জলচর, স্থলচর ও খেচর প্রাণীদের মধ্যে যে জিনগত, প্রজাতিগত ও বাস্তুসংস্থানগত ভিন্নতা দেখা যায় তাকেই প্রাণিবৈচিত্র্য বলে।

খ.
সুডোসিলোমেট প্রাণী বলতে কী বুঝায়?

উত্তর:

যেসব প্রাণী সিলোমবিহীন তবে ভ্রূণীয় পরিষ্ফুটনের সময় অন্তঃস্থ ফাঁকা স্থানটিকে ঘিরে কখনও কখনও মেসোডার্মাল কোষস্তর অবস্থান করে তাদের সুডোসিলোমেট প্রাণী বলে। কিন্তু কোষগুলো কখনও পূর্ণ কোষস্তর বা পেরিটোনিয়াম সৃষ্টি করে ব্লাস্টোসিলকে সম্পূর্ণ বেষ্টিত করে না। উদা: Nematoda, Rotifera প্রভৃতি পর্বভুক্ত প্রাণীরা সুডোসিলোমেট।

গ.
উদ্দীপকের প্রাণী দুটি একই ধরনের নয় কেন? ব্যাখ্যা কর।

উত্তর:

উদ্দীপকের প্রাণী দুটি হলো যথাক্রমে হাঙ্গর এবং ইলিশ মাছ। উভয়েই জলজ প্রাণী হলেও একই ধরনের নয়। নিচে এর কারণ ব্যাখ্যা করা হলো:

- হাঙ্গর Chondrichthyes শ্রেণির অন্তর্ভুক্ত।
- হাঙ্গরের দেহ অসংখ্য ক্ষুদ্র প্ল্যাকয়েড নামক সূক্ষ্ম কাঁটার মতো আইশে আবৃত। অন্যদিকে ইলিশ মাছের ত্বক গ্রন্থিময় এবং সাইক্লয়েড বা টিনয়েড ধরনের আইশে আবৃত।
- হাঙ্গরের অন্তঃকঙ্কাল তরুণাস্থিময়। অন্যদিকে ইলিশের অন্তঃকঙ্কাল অস্থিময়।
- হাঙ্গরের ৫-৭ জোড়া ফুলকারুল থাকে এবং ফুলকারুল দেহের বাইরে উন্মুক্ত। অন্যদিকে ইলিশ মাছের মাথার দুপাশে একটি করে ফুলকারুল থাকে এবং কানকো দিয়ে ফুলকা রুল আবৃত থাকে।
- হাঙ্গরের পুচ্ছ পাখনা হেটারোসার্কাল। অন্যদিকে ইলিশের পুচ্ছ পাখনা হোমোসার্কাল বা ডাইফিসার্কাল।

উপরের বর্ণনার আলোকে বলা যায়, হাঙ্গর ও ইলিশ মাছ একই ধরনের নয়। এদের মধ্যে অনেক পার্থক্য বিদ্যমান।

ঘ.
যুক্তিসহ R চিহ্নিত স্থানে একটি প্রাণীর নাম লেখ।

উত্তর:

উদ্দীপকের 'R' চিহ্নিত স্থানে যে প্রাণীটি হবে তা হলো সিলাকাস্ট্র মাছ। এটি Vertebrata উপপর্বের অন্তর্গত Gnathostomata superclass এর অধীনে Sarcopterygii - Class এর অন্তর্গত। নিচে এর ব্যাখ্যা প্রদান করা হলো:

- Gnathostomata Superclass এর অধীনে ৩টি class রয়েছে যার মধ্যে হাঙ্গর ও ইলিশ মাছ যথাক্রমে Chondrichthyes ও Actinopterygii শ্রেণির প্রতিনিধিত্ব করে। তাই বলা যায় এখানে ৩য় ক্লাস অনুযায়ী Sarcopterygii এর সিলাকাস্ট্র মাছ বসবে।
- উদ্দীপকটিতে Gnathostomata-Superclass এর তিনটি ক্লাস বিবর্তনের ধারায় উন্নত বৈশিষ্ট্যের ক্রমানুসারে বসেছে।
- Sarcopterygii শ্রেণির সিলাকাস্ট্র মাছটিকে ল্যাংফিস বা পাখনাবিশিষ্ট মাছ বলা হয় যা এর উন্নত প্রাণীর বৈশিষ্ট্যের সাথে সাদৃশ্যপূর্ণ।
- উন্নত প্রাণীর ন্যায় Sarcopterygii ক্লাসভুক্ত সিলাকাস্ট্র মাছটির চোয়ালে প্রকৃত এনামেল আবৃত দাঁত বিদ্যমান। অতএব 'R' যুক্ত স্থানে Sarcopterygii Class এর সিলাকাস্ট্র মাছ বসার জন্য উপযুক্ত।

RK Knowledge

Biology 2nd Paper

MCQ MASTERBOOK

মোট প্রশ্ন ১১৩০

সূচিপত্র

Table of Contents

অধ্যায়	পৃষ্ঠা	প্রশ্ন
১. Chapter 1: প্রাণীর বিভিন্নতা ও শ্রেণিবিন্যাস	3	১৪০
২. Chapter 2: প্রাণীর পরিচিতি	20	২৫৩
৩. Chapter 3: পরিপাক ও শোষণ	55	১৬১
৪. Chapter 4: রক্ত ও সংবহন	75	১৪৬
৫. Chapter 5 : শ্বসন ও শ্বাসক্রিয়া	95	৭৩
৬. Chapter 6: বর্জ্য ও নিষ্কাশন i	104	১৬
৭. Chapter 7: চলন ও অঙ্গচালনা	107	১০৬
৮. Chapter 8: সমন্বয় ও নিয়ন্ত্রণ i	118	৩৭
৯. Chapter 9: মানব জীবনের ধারাবাহিকতা i	124	৩
১০. Chapter 10: মানবদেহের প্রতিরক্ষা i	125	৪
১১. Chapter 11: জিনতত্ত্ব ও বিবর্তন	126	১৮২
১২. Chapter 12: প্রাণীর আচরণ i	148	৯

Chapter 1: প্রাণীর বিভিন্নতা ও শ্রেণিবিন্যাস

মোট প্রশ্ন ১৪০

প্রশ্ন ১

তারা মাছের বৈশিষ্ট্য হলো-

- ক. রেচন অঙ্গ সবুজগ্রন্থি
খ. ট্রাইকোফোর লার্ভা দেখা যায়
গ. রক্ত সংবহনতন্ত্র অনুপস্থিত
ঘ. প্রকৃত খণ্ডায়ন বিদ্যমান

[Sylhet — 2025]

